গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং-৪৬.০০.০০০০.০৪১.১৯.০৩২.১২-৮৭৮

তারিখঃ ২১ আষাঢ় ১৪৩০ / ০৫ জুলাই ২০২৩

## পরিপত্র

বিষয়ঃ হাট-বাজারে টোল চার্ট প্রদর্শন এবং হাট-বাজারের পেরী-ফেরীভুক্ত জায়গার/খাসমহালের বাইরে টোল আদায় না করা।

স্থানীয় সরকার বিভাগ হতে গত ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখে 'সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা' জারি করা হয়।

২। নীতিমালার অনুচ্ছেদ-৫ অনুযায়ী 'টোল আদায়ের হারের তালিকা বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক প্রদর্শনের জন্য রাখিতে হইবে। ইজারাদার কর্তৃক দৃশ্যমান স্থানে টোল আদায়ের হার টাংগাইতে ব্যর্থ হইলে এবং নির্ধারিত হারের চাইতে বেশী টোল আদায় করা হইলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের ইজারা চুক্তি বাতিল করিতে পারিবেন এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন'। এছাড়া, উক্ত নীতিমালায় ইজারার শর্তাবলী ০৭-এ উল্লেখ রয়েছে যে, 'সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন'।

৩। এমতাবস্থায়, হাট-বাজারের পেরী-ফেরীভুক্ত জায়গার/খাসমহালের বাইরে বা নিকটবর্তী কোন স্থান হতে ইজারাদার টোল আদায় করতে পারবেন না।

৪। সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ অনুযায়ী ইজারা গ্রহীতা কর্তৃক বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শন এবং ইজারাদারগণ যাতে হাট-বাজারের পেরী-ফেরীভুক্ত জায়গার/খাসমহালের বাইরে বা নিকটবর্তী কোন স্থান হতে টোল আদায় না করতে পারেন সে বিষয়ে নীতিমালার সংশ্লিষ্ট অনুচ্ছেদে প্রদত্ত বিধান অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্রটি অবিলম্বে কার্যকর হবে।

৫/৭/২০২৩
শাহেদ পারভেজ
উপসচিব
ফোন-০২২২৩৩৫৫৫৭৬
lgadmin2@lgd.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল)।
৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।

নং-৪৬.০০.০০০০.০৪১.১৯.০৩২.১২-৮৭৮/২(৮)

তারিখঃ ২১ আষাঢ় ১৪৩০ / ০৫ জুলাই ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, ......................................বিভাগ/মন্ত্রণালয়।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব,...................................বিভাগ/মন্ত্রণালয়
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি।

৫/৭/২০২৩
শাহেদ পারভেজ
উপসচিব